

স্মারক নং বুটেক্স/প্রশা. ৪/৪র্থ খন্ড/২০২৬/১০২৯

তারিখ: ২৮/১০/২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

বুটেক্সের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ জুলহাস উদ্দিনের দায়িত্ব গ্রহণের দুই বছর পূর্তি


বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) অধ্যাপক ড. মোঃ জুলহাস উদ্দিন গত ২৮ অক্টোবর ২০২৪ তারিখে এই বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। আজ তিনি দায়িত্ব গ্রহণের ৩য় বছরে পদার্পণ করেছেন। তিনি দায়িত্ব গ্রহণের পর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের গতিশীলতা, অবকাঠামোগত উন্নয়ন, গবেষণা ও আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন।

ভাইস-চ্যান্সেলরের দূরদর্শী নেতৃত্ব ও কার্যকর পদক্ষেপের ফলে বিশ্ববিদ্যালয়ের বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের চার বছর মেয়াদি কোর্স একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত চার বছরের মধ্যেই সম্পন্নের লক্ষ্যে কার্যক্রম এগিয়ে চলছে। বিশ্ববিদ্যালয়ের বাজেট ব্যবস্থাপনায় দক্ষতা ও আর্থিক শৃঙ্খলা বৃদ্ধির ফলে বরাদ্দকৃত বাজেটের প্রায় ৯৫ শতাংশ ব্যয় করা সম্ভব হয়েছে। বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) অবকাঠামোগত উন্নয়ন, সম্প্রসারণ ও আধুনিকায়নের লক্ষ্যে ৫০ বছর মেয়াদি মাস্টার প্ল্যান প্রণয়নের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প এবং SICIP-এর আওতায় ১৩ তলাবিশিষ্ট একটি ভবনের নির্মাণকাজ চলমান রয়েছে। এছাড়াও আরো ৩টি প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াধীন আছে। টেক্সটাইল শিল্পের উন্নয়ন, গবেষণা ও উদ্ভাবনকে এগিয়ে নিতে তাঁর সময়কালীন তিনটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও শিল্প-একাডেমিয়া লিংকেজ বৃদ্ধির লক্ষ্যে ক্যারিয়ার ফেয়ার, DyeChem Expo অনুষ্ঠিত হয়েছে এবং বিভিন্ন কো-কারিকুলাম এন্টিভিটিস-এ শিক্ষার্থীদের অংশগ্রহণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন ২৭ ডিসেম্বর ২০২৫ তারিখে আড়ম্বরপূর্ণ পরিবেশে অত্যন্ত সফলতার সাথে সম্পন্ন হয়েছে এবং এ ধারাবাহিকতায় দ্বিতীয় সমাবর্তন আগামী ২৮ মার্চ ২০২৭ তারিখে আয়োজনের সানুগ্রহ অনুমতিসহ মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর সমাবর্তনে সভাপতিত্ব করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

ভাইস-চ্যান্সেলরের দায়িত্ব গ্রহণের দুই বছর পূর্তিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ তাঁর সুস্বাস্থ্য ও সার্বিক সাফল্য কামনা করেন। তাঁরা আশা প্রকাশ করেন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, উদ্ভাবন ও অবকাঠামোগত উন্নয়নের ধারা আরও বেগবান হবে যা দেশের টেক্সটাইল শিল্পের টেকসই উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।



বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মকর্তা ও কর্মচারীগণের পক্ষ থেকে ভাইস-চ্যান্সেলর মহোদয়কে ফুলেল শুভেচ্ছা

 28.10.26
(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)